দৈনিক
ইনকিলাব

তারিখ ... AUG 2 1 2006 ...
পৃষ্ঠা ... কলাম ৩...

# এফিলিয়েটিং ইসলামী আরবী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করুন

## প্রধানমন্ত্রীর উদ্দেশে ছারছীনা ও ফুলতলীর পীর ছাহেবগণের খোলা চিঠি

স্টাফ রিপোর্টার

ছারছীনা ও ফুলতলীর পীর ছাহেবগণ এফিলিয়েটিং ইসলামী আরবী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার জন্য প্রধানমন্ত্রীর প্রতি আহবান জানিয়েছেন। পীর ছাহেবগণ প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার উদ্দেশে

# এফিলিয়েটিং ইসলামী আরবী

*প্রথম পৃষ্ঠার পর*

তাদের খোলা চিঠিটি এখানে তুলে ধরা হলো:

**মাননীয় প্রধানমন্ত্রী**

আস্সালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহ

আরজ এই যে, এফিলিয়েটিং ইসলামী আরবী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা এবং তার অধীনে মাদ্রা শিক্ষাধারার ফাজিলকে ডিগ্রী ও কামিলকে মাস্টার্স মান প্রদানের দাবী দীর্ঘদিনের। এ দা বাস্তবায়নের জন্য দেশের ওলামায়ে কেরাম, মাশায়েখে এজাম, মাদ্রাসার শিক্ষক-শিক্ষার্থী, শিক্ষার শুভাকাঙ্ক্ষীগণ দীর্ঘদিন থেকে নিয়মতান্ত্রিক পন্থায় আন্দোলন চালিয়ে আসছেন। বিভি সময়ে এজন্য গঠিত কমিশন ও কমিটিসমূহও এর অনুকূলে সরকারের নিকট সুপারিশ পে করেছে। এর আলোকে সরকার দেশে একটি এফিলিয়েটিং আরবী ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতি করবে এবং প্রার্থিত মান প্রদান করবে, এ প্রত্যাশা সকলের।

ইসলামী আরবী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার এ জাতীয় দাবীকে পাশ কাটিয়ে সম্প্রতি জাতী বিশ্ববিদ্যালয়ের অধীনে ফাজিল কামিলকে ন্যস্ত করে মান দেয়ার চূড়ান্ত সিদ্ধান্ত নেয়া হচ্ছে বে জানতে পেরে আমরা গভীর উদ্বেগ বোধ করছি। সরকারের অনুধাবন করা প্রয়োজন মানপ্রদানের নামে যদি মাদ্রাসার ঐতিহ্য, বৈশিষ্ট্য ও স্বাতন্ত্র্য কোন প্রকার ক্ষুণ্ণ করা হয় কিং ফাজিল-কামিলের জন্য মাদ্রাসা শিক্ষা বোর্ডের যে কোর্স কারিকুলাম আছে তা যদি রদ-বদ করা হয় অথবা মঞ্জুরিপ্রাপ্ত ফাজিল-কামিল মাদ্রাসাসমূহের কোনটিতে ব্যাঘাত সৃষ্টি করা হ কিংবা ঐ সকল মাদ্রাসায় চাকরিরত শিক্ষক-কর্মচারীদের চাকরিতে কোন বিঘ্ন সৃষ্টি করা হয় তবে সে চাপিয়ে দেয়া সিদ্ধান্ত কোনমতেই গ্রহণযোগ্য হবে না। আমরা মনে করি, এর দ্বারা সমস্যা কোন সমাধান হবে না বরং তা নতুন সমস্যার সৃষ্টি করবে ও জটিলতা বৃদ্ধি করবে, যা কারো কাম্য নয়।

মাদ্রাসার ফাজিল-কামিলকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ন্যস্ত করাকে এ শিক্ষার সাথে সংশ্লিষ্টগণ এ শিক্ষার অস্তিত্বের জন্য হুমকি মনে করেন।

দেশের ওলামায়ে কেরাম, মাশায়েখে এজাম, মাদ্রাসার শিক্ষক শিক্ষার্থী ও শুভাকাঙ্ক্ষীগণ সরকারকে মাদ্রাসা শিক্ষার সুহৃদ ও উন্নয়নকামী হিসেবে দেখতে চায়; এই শিক্ষার ঐতিহ্য বৈশিষ্ট্য ও স্বাতন্ত্র্য বিনষ্টকারীর ভূমিকায় দেখতে চায় না। আমরা বিষয়টির প্রতি (মাননী প্রধানমন্ত্রী) আপনার দৃষ্টি আকর্ষণ করছি এবং অবিলম্বে এফিলিয়েটিং ইসলামী আরবী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার পদক্ষেপ গ্রহণের আবেদন জানাচ্ছি। এই সঙ্গে আমরা আরো আবেদন জানাচ্ছি যে, এফিলিয়েটিং ক্ষমতাসম্পন্ন ইসলামী আরবী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা সাপেক্ষে আপাতত ফাজিল-কামিল মাদ্রাসাসমূহকে মাদ্রাসা শিক্ষাবোর্ডের অধীনে রেখেই অচিরেই ফাজিলকে ডিগ্রী ও কামিলকে মাস্টার্স মান প্রদান করা হোক। আল্লাহ হাফেজ।

মাওলানা শাহ্ মোহাম্মদ মুহিব্বুল্লাহ
পীর ছাহেব, ছারছীনা।

মাওলানা আবদুল লতীফ চৌধুরী
পীর ছাহেব ফুলতলী সিলেট।